



আগামীকাল সন্ধ্যা ৬টায় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা: ইসি



সংগৃহীত ছবি

আগামীকাল বৃহস্পতিবার সন্ধ্যা ৬টায় জাতীয় সংসদ নির্বাচনের তফসিল আনুষ্ঠানিকভাবে ঘোষণা করবে নির্বাচন কমিশন। প্রধান নির্বাচন কমিশনার ইতোমধ্যে বিটিভি ও বেতারের জন্য রেকর্ড করা ভাষণ প্রস্তুত করেছেন। এরপর কমিশনারদের সঙ্গে বৈঠক শেষে সিনিয়র সচিব সময়সূচি নিশ্চিত করেন। আগামী জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা ঠিক হয়েছে বৃহস্পতিবার সন্ধ্যা ৬টায় এ তথ্য জানিয়েছেন নির্বাচন কমিশনের সিনিয়র সচিব আখতার আহমেদ। বুধবার বিকেলে আগারগাঁওয়ের নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিন বিটিভি ও বাংলাদেশ বেতারে প্রচারের জন্য তফসিল ঘোষণার ভাষণ রেকর্ড করেন। ভাষণ রেকর্ডের পর সব নির্বাচন কমিশনার সিইসির কক্ষে বৈঠকে বসেন এবং সেখানে তফসিল ঘোষণার আনুষ্ঠানিকতা চূড়ান্ত করা হয়। বৈঠক শেষে সিনিয়র সচিব সাংবাদিকদের জানান, তফসিল ঘোষণা সংক্রান্ত সব প্রস্তুতি সম্পন্ন হয়েছে। বিস্তারিত তথ্য আসছে..

LENS ASIA